# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**23 DECEMBER 2024** **7:45—7:55 PM IST**

==========================================================

১) গত দেড় বছরে দেশে প্রায় ১০ লক্ষ নতুন নিযুক্তি প্রদান করা হয়েছে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর প্রকাশ । গৌহাটিতে কেন্দ্রীয়মন্ত্রী সর্বানন্দ সনোয়াল এবং শিলচরে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী পবিত্র মার্ঘেরিটার নিযুক্তিপত্র বিতরণ ।

২) ডিব্রুগড়ের আসাম সচিবালয়ে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার পৌরহিত্যে আসাম মন্ত্রীসভার বৈঠক অব্যাহত ।

৩) আসন্ন পঞ্চায়েত নির্বাচনের জন্য ভারতীয় জনতা পার্টী ( বি জে পি )-র রাজ্যের ৩১টি জেলায় তত্বাবধায়ক এবং সহ-তত্বাবধায়ক নিযুক্তি ।

এবং

৪) বড়দিন উৎসবের আর মাত্র ১ দিন বাকি থাকায় উত্তর-পূর্বাঞ্চলের খ্রীষ্টধর্মাবলম্বী রাজ্যগুলিতে বরদিনের আনন্দ উল্লাস পরিলক্ষিত ।

---

গত দেড় বছরে সমগ্র দেশে প্রায় ১০ লক্ষ নতুন নিযুক্তি প্রদান করা হয়েছে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী প্রকাশ করেছেন । আজ ভি ডি ও কনফারেন্সিং ব্যবস্থার মাধ্যমে ৭১ হাজারের অধিক নিযুক্তি প্রদান করে শ্রী মোদী এ কথা প্রকাশ করেন । তিনি বলেন যে বিভিন্ন মন্ত্রনালয়, বিভাগ এবং সংস্থাগুলির অধীনে চাকরীতে নিযুক্তি দেওয়ার জন্য গত ১০ বছর ধরে অভিযান অব্যাহত রাখা হয়েছে । প্রধানমন্ত্রী বলেন

যে এই নিযুক্তি মেলা যুব প্রজন্মের সম্ভাবনার বিকাশ ঘটিয়ে তাদের সাবলীকরণ নিশ্চিত করেছে । দেশের যুব প্রজন্মের মধ্যে থাকা প্রতিভা এবং সম্ভাবনার সম্পূর্ণ সু-ব্যবহার করার ওপর সরকার অগ্রাধিকার প্রদান করেছে বলেও তিনি মন্তব্য করেন । তিনি বলেন যে সরকারের নীতি এবং সিদ্ধান্তের ফলে বিশেষ করে গ্রামাঞ্চলে নিযুক্তি এবং আত্ম-সংস্থাপনের জন্য নতুন সুযোগ-সুবিধার সৃষ্টি হয়েছে । ভারতকে ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত হিসেবে গড়ে তুলতে সংকল্প গ্রহণ করা হয়েছে । কেন্দ্রীয় সরকার মেক-ইন-ইন্ডিয়া , আত্মনির্ভর ভারত , ষ্টার্ট-আপ ইন্ডিয়া , ষ্টেন্ড-আপ ইন্ডিয়া , ইত্যাদির মত প্রকল্প সমূহ যুব প্রজন্মকে লক্ষ্য করেই গ্রহণ করেছে বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেন । তিনি বলেন যে ভারত প্রতিরক্ষা ক্ষেত্রে উৎপাদনের ওপর অধিক গুরুত্ব আরোপ করেছে । এবং এর ফলে যুবক-যুবতীরা বিশেষ ভাবে উপকৃত হবে । একই সঙ্গে শ্রী মোদী ভারত সম্প্রতি মোবাইল ফোন উৎপাদনের ক্ষেত্রে বিশ্বের দ্বিতীয় বৃহৎ এবং তৃতীয় সর্ববৃহৎ ষ্টার্ট-আও অনুকূল দেশ হিসেবে পরিগণিত হয়েছে বলেও উল্লেখ করেন । অনুষ্ঠানে অংশ নিয়ে কেন্দ্রীয় কর্মচারী ও প্রশিক্ষণ বিভাগের প্রতিমন্ত্রী ডক্টর জিতেন্দ্র সিং বলেন যে আজকের ৭১ হাজারের নিযুক্তির মধ্যে ৫০ হাজার নিযুক্তি আধা-সামরিক বাহিনীতে প্রদান করা হয়েছে । এছাড়াও, অন্যান্য পশ্চাদপদ শ্রেনীর অর্ন্তভুক্ত ২১ হাজার প্রার্থীকে নিযুক্তি দেওয়া হয়েছে । উল্লেখ্য যে দেশের ৪৫টি স্থানে আজ এই নিযুক্তি পত্র বিতরণের জন্য বিশেষ মেলার আয়োজন করা হয়েছিল । ২০২২ সালের অক্টোবর মাসে আরম্ভ হওয়া রোজগার মেলা এ পর্যন্ত ৫০টি শহরে জাতীয় পর্যায়ে ১৩ বার আয়োজন করা হয়েছে । বিভিন্ন সরকারী বিভাগ এবং মন্ত্রনালয়ের শূন্য পদ পূরণের পদক্ষেপ হিসেবে এই রোজগার মেলাগুলিতে লক্ষ লক্ষ নিযুক্তি পত্র বিতরণ করা হয়েছে । নতুন করে নিযুক্তিপ্রাপ্ত প্রার্থীরা স্বরাষ্ট্র পরিক্রমা , উচ্চ শিক্ষা , স্বাস্থ্য ও পরিবার কল্যাণ এবং অর্থ বিভাগে যোগদান করবেন ।

আসামেও আজ এই নিয়োগ মেলার আয়োজন করা হয় । গৌহাটিতে আয়োজিত এই কার্যসূচিতে কেন্দ্রীয় বন্দর, জাহাজ এবং জলপথ মন্ত্রী সর্বানন্দ সনোয়াল অংশ গ্রহণ করেন । এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে অংশ নিয়ে কেন্দ্রীয় মন্ত্রী নবনিযুক্ত প্রার্থীদের সঙ্গে মত বিনিময় করা ছাড়াও তাদের নিষ্ঠা এবং একাগ্রতা নিয়ে নিজেদের কর্ম সম্পাদন করার আহ্বান জানান ।

বৈদেশিক পরিক্রমা দপ্তরের প্রতিমন্ত্রী পবিত্র মার্ঘেরিটা আজ শিলচরে আয়োজিত রোজগার মেলায় অংশ গ্রহণ করেন ।

---

ডিব্রুগড়ের আসাম সচিবালয়ে আজ আসাম মন্ত্রীসভার এক বৈঠক অনুষ্ঠিত হচ্ছে । তিনদিনব্যাপী সফরসূচিতে গিয়ে ডিব্রুগড়ে অবস্থানরত মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা এই বৈঠকে পৌরহিত্য করছেন । ইতিমধ্যেই এই বৈঠক শুরু হয়েছে ।

এই বৈঠকে রাজ্যের পরিবহণ মন্ত্রী যোগেন মোহন , শিল্প ও বাণিজ্যমন্ত্রী বিমল বরা , শক্তিমন্ত্রী প্রশান্ত ফুকন এবং শ্রমিক কল্যাণ মন্ত্রী রূপেশ গোয়ালা উপস্থিত রয়েছেন । বর্তমানে গৌহাটিতে এবং অন্যান্য জেলায় অবস্থানরত মন্ত্রীরা ভার্চুয়ালী এই বৈঠকে উপস্থিত রয়েছেন ।

এদিকে মুখ্যমন্ত্রীর কার্যসূচির অংশ হিসেবে আজ ডিব্রুগরের মানকটা খেলার মাঠে সরকারের বিভিন্ন প্রকল্পের অধীনে হিতাধিকারীদের মধ্যে নগদ অর্থ বিতরণ করা হয় । অনুষ্ঠানে প্রজ্ঞান ভারতী প্রকল্পের ডক্টর বাণীকান্ত কাকতী মেধা পুরস্কারের অধীনে ২ হাজার ৫শো ৯৩ জন ছাত্রীকে স্কুটি প্রদান করা সহ আনন্দরাম বরুয়া পুরস্কারের অধীনে হাইস্কুল শিক্ষান্ত পরীক্ষায় ৭৫ শতাংশ বা এর বেশী নম্বর লাভ করা ১ হাজার ২ শো ৫৫ জন ছাত্রীকে নগদ অর্থ প্রদান করা হয় ।

---------------------------------------------------------------------------------------------

দেশের প্রগতিতে কৃষকদের অবদান এবং সম্মানে আজ সমগ্র দেশে জাতীয় কৃষক দিবস পালন করা হচ্ছে । ভারতের পঞ্চম প্রধানমন্ত্রী চৌধুরী চরণ সিং-এর স্মৃতিতে প্রতি বছর ২৩ ডিসেম্বর দিনটিকে জাতীয় কৃষক দিবস হিসেবে উদযাপন করা হয় । এই বিশেষ দিনে খাদ্য সুরক্ষা নিশ্চিতকরণ , গ্রামীন অর্থ ব্যবস্থা সাবলীকরণ এবং দেশের কৃষি ঐতিহ্য সংরক্ষণে কৃষকদের ভূমিকা স্মরণ করা হয় । উল্লেখ্য যে কৃষকদের ভূমিকার সম্মানে তাদের আর্থ-সামজিক উন্নয়নের জন্য সরকার বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করে আসছে । এর মধ্যে প্রধানমন্ত্রী কৃষি সম্মান নিধি , প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনা এবং প্রধানমন্ত্রী কৃষক মান-ধন যোজনা অন্যতম । এই প্রকল্প সমূহের অধীনে কৃষকদের আর্থিক সুরক্ষা প্রদান করে তাদের দীর্ঘ মায়াদী সামাজিক সুরক্ষা প্রদান করা হয়েছে । সমগ্র দেশে চলতি বছরে রেকর্ড সংখ্যক ৩৩ কোটি ২২ লক্ষ টন শষ্য উৎপাদন করা হয়েছে । গত বছর এর পরিমান ছিল ৩২ কোটি ৯৭ লক্ষ টন ।

---------------------------------------------------------------------------------------------

আসন্ন পঞ্চায়েত নির্বাচনের জন্য ভারতীয় জনতা পার্টী ( বি জে পি ) রাজ্যের ৩১টি জেলায় তত্বাবধায়ক এবং সহ-তত্বাবধায়ক নিযুক্তি দিয়েছে । রাজ্য বিধানসভার বেশ কয়েকজন কেবিনেট মন্ত্রীকে তত্বাবধায়ক হিসেবে দায়িত্ব প্রদান করা হয়েছে । নির্বাচন পরিচালনা সমিতির আহ্বায়ক হিসেবে প্রাক্তন সাংসদ পল্লব লোচন দাসের ওপর দায়িত্বভার অর্পন করা হয়েছে । ইস্তাহার সমিতির আহ্বায়ক পদে মন্ত্রী রঞ্জিৎ কুমার

দাসকে নিযুক্তি দেওয়া হয়েছে । নির্বাচন পরিচালনা সমিতি এবং ইস্তাহার সমিতিতে সহকারী আহ্বায়ক এবং সদস্য হিসেবে বেশ কয়েকজন প্রবীন বি জে পি নেতাকে দায়িত্ব প্রদান করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------------

আসন্ন বড়দিন উৎসবের আর মাত্র ১ দিন বাকি থাকায় উত্তর-পূর্বাঞ্চলের খ্রীষ্টধর্মাবলম্বী রাজ্যগুলিতে বরদিনের আনন্দ উল্লাস পরিলক্ষিত হচ্ছে । এই উপলক্ষে গীর্জা সহ নিজ নিজ বাসগৃহগুলিকে বিভিন্ন রং-বেরঙ্গের ফুল , তারা , খ্রীষ্টমাস ট্রী এবং আলোক সজ্জায় সাজিয়ে তোলা হয়েছে । আগামীকাল মধ্যরাত থেকে গীর্জাগুলিতে বড়দিনের বিশেষ প্রার্থনা সহ ক্যারল পরিবেশন করা হবে । প্রভূ যীশুর প্রশংসা এবং স্তুতি সংঙ্গীত পরিবেশনের মাধ্যমে ইতিমধ্যেই গীর্জা সমূহ মুখর হয়ে ওঠেছে । বরদিন উপলক্ষে শিলং-এর পুলিশ বাজার সহ বিভিন্ন অঞ্চলে শীতকে উপেক্ষা করে উৎসাহ উদ্দিপনা পরিলক্ষিত হচ্ছে । বড়দিনের আনন্দে অংশ নেওয়ার জন্য মেঘালয়ের রাজধানী শিলং-এ ইতিমধ্যেই বিপুল সংখ্যক পর্যটকের সমাগম ঘটেছে । শিলং-এর ক্যাথিড্রাল অব মেরী হেল্প অব খ্রীষ্টিয়ান্স , অল সেইন্টস ক্যাথিড্রাল , শিলং ব্যাপটিষ্ট চার্চ সহ অন্যান্য গীর্জা ঘর সমূহ সুন্দরভাবে সাজিয়ে তোলা হয়েছে । বরদিন উপলক্ষে নাগালেন্ডের কোহিমা সহ অন্যান্য শহর তথা পার্বত্য অঞ্চলগুলিতে ব্যাপক উৎসাহ-উদ্দিপনা পরিলক্ষিত হচ্ছে । কোহিমা , ডিমাপুর , মককচুং ইত্যাদি শহরের বাজারগুলিতে পরম্পরাগত খাদ্য সামগ্রী সহ বিশেষ খাদ্যের পসরা নিয়ে ব্যাবসায়ীরা হাজির হয়েছেন । বসগৃহ গুলিকে নাগা সংস্কৃতি সহ পরম্পরাগত সংস্কৃতির আধারে সাজিয়ে তোলা হয়েছে । মনিপুরেও বড়দিনের ব্যাপক প্রস্তুতি চলছে । এদিকে মিজোরামের রাজধানী আইজলেও বড়দিন পালন উপলক্ষে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে । আইজলের টেক্সিচালকরা বড়দিন উপলক্ষে বিনামূল্যে সেবা প্রদান করছেন বলেও খবর পাওয়া গেছে । আসামেও বরদিন পালনের ব্যাপক প্রস্তুতি চলছে । বিশেষ করে ধুবরী এবং বিলাসীপারায় খ্রীষ্টধর্মালম্বী লোকেদের মধ্যে উৎসাহ-উদ্দিপনা পরিলক্ষিত হচ্ছে । বরাক উপত্যকার গীর্জাগুলিকেও এই উপলক্ষে পরিষ্কার পরিচ্ছন্ন করে বিশেষ ভাবে আলোর সাজে সাজিয়ে তোলা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------------

গৌহাটী হাইকোর্ট আয়ের সঙ্গে সামঞ্জস্যহীন সম্পত্তি থাকার মামলায় ডিফু মেডিক্যাল কলেজের এনেস্থেসিয়া বিভাগের সহকারী অধ্যাপক ডাঃ মৃদু পবন নাথের অগ্রিম জামিন নাকচ করেছে ।হাইকোর্ট ডাঃ নাথের পূর্বের প্রদান করা অন্তবর্তীকালীন জামিন ও বাতিল করেছে ।উল্লেখ্য সরকারী চাকুরী সহ গৌহাটীতে ব্যক্তিগত হাতপাতাল চালিয়ে

ডাঃ নাথের আয় থেকে বেশী সম্পত্তির তথ্য মুখ্যমন্ত্রীর তদারকী কোষের নজরে আসে এবং এই তথ্যের ভিত্তিতে অনুসন্ধান চালিয়ে উপযুক্ত তথ্য লাভ করার পর তদারকী কোষ ডাঃ নাথের বিরুদ্ধে মামলা দায়ের করে ।এই মামলার পরিপ্রেক্ষিতে আদালত অভিযুক্ত চিকিৎসকের জামিন নাকচ করেছে ।অভিযুক্ত চিকিৎসকের বিরুদ্ধে ভূয়ো মরনোত্তর প্রতিবেদন প্রদান করার ও তথ্য পাওয়া গেছে ।

---------------------------------------------------------------------------------------------

অসামরিক বিমান পরিবহন মন্ত্রালয় বিমানবন্দরে উড়ান যাত্রী ক্যাফে উদ্বোধন করার কথা ঘোষণা করেছে ।এই ক্যাফে গুলোতে খাদ্য , পানীয় জল সহ অত্যাবশ্যকীয় সামগ্রীগুলো তুলনামূলকভাবে কম মূল্যে পাওয়া যাবে ।কলকাতা বিমানবন্দরে এই ধরণের ইতিমধ্যে এধরনের প্রথম ক্যাফে পরীক্ষামূলকভাবে চালু করা হয়েছে ।ভারতীয় বিমান বন্দর কর্তৃপক্ষ জানিয়েছে যে এই ক্যাফের সাফল্যের পর পর্যায়ক্রমে দেশের অন্যান্য বিমানবন্দরে এই পদক্ষেপ গ্রহণ করা হবে ।

---------------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থার সভাপতি পদে গৌতম রায় , কার্য্যকরী সভাপতি রাহুল রায় ও সচিব পদে শৈবাল সেনগুপ্ত পুনরায় নির্বাচিত হয়েছেন । গতকাল জেলা ক্রীড়া সংস্থা আয়োজিত বার্ষিক সাধারন সভায় চার জন সহ-সভাপতি মনোনীত হয়েছেন । এরা হচ্ছেন -দীপক কুমার দাস , এস এস হুদ চৌধুরী , পিনাকী ভট্টাচার্য্য এবং সামসুদ্দিন বড়লস্কর । এছাড়া ক্রিকেট সচিব পদে কৃষ্ণেন্দু দাস , ফুটবল সচিব পদে আবজল হোসেন বড়ভুইয়া , ভলিবল সচিব পদে ইকরামূল হোসেন মাঝারভূইয়া এবং হকি সচিব পদে বিদ্যবান সিংহ মনোনীত হয়েছেন ।

---------------------------------------------------------------------------------------------

কাছাড় জেলা সমাজ কল্যান বিভাগের উদ্যোগে সম্প্রতি লাবক চা বাগানে স্বাস্থ্য ও পরিপুষ্টি মেলা অনুষ্ঠিত হয়েছে । জেলার ভারপ্রাপ্ত সমাজ কল্যান আধিকারীক অঞ্জলী কুমারী উদ্বোধনী অনুষ্টানে বলেন যে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে স্বাস্থ্য ও পরিপুষ্টি মেলার আয়োজন করা হয়ে থাকে । মেলায় শিশুদেরকে সুসম আহার প্রদানের ক্ষেত্রে অভিভাবকদের উৎসাহিত করতে স্বাস্থ্যবান শিশু পুরষ্কার প্রদান করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

উত্তর শ্রীভূমি বিধানসভা কেন্দ্রের খেল মহারনের দ্বিতীয় পর্ব আজ থেকে জেলা ক্রীড়া সংস্থার মাঠে শুরু হয়েছে । আজকের উদ্বোধনী অনুষ্ঠানে জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদী , বিধায়ক কমলাক্ষ্য দে পুরকায়স্থ , ভারতীয় জনতা পার্টির শ্রীভূমি জেলা

সভাপতি সুব্রত ভট্টাচার্য্য প্রমূখ অংশগ্রহন করেন । আজ প্রথম দিন অ্যাথেলেটিক্স , কাবাডি ও দাবা প্রতিযোগীতা অনুষ্টিত হয়েছে ।

---------------------------------------------------------------------------------